দৈনিক ইত্তেফাক

তারিখ ... 12 APR. 1996 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

## শিক্ষাপ্রতিষ্ঠানগুলি রক্ষা করা হউক

বগুড়া জেলার সারিয়াকান্দী থানার অন্তর্গত চন্দনবাইশা গ্রামটি গত বছর রাক্ষুসী যমুনার ভাঙ্গনে বিলীন হইয়া গিয়াছে। গ্রামটি বিলীন হইবার পূর্বে এখানে ছিল চন্দনবাইশা ডিগ্রী কলেজ (১৯৬৪ সালে প্রতিষ্ঠিত), নও খিলা পি, এন হাইস্কুল (১৮৮২ সালে প্রতিষ্ঠিত), আয়েশা ওসমান উচ্চ বালিকা বিদ্যালয়, মাদ্রাসা, প্রাথমিক বিদ্যালয় প্রভৃতি শিক্ষা প্রতিষ্ঠান। বর্তমানে উক্ত প্রায় সবগুলি শিক্ষা প্রতিষ্ঠান স্থানান্তরিত হইয়াছে 'ডাক-বাংলা' নামক গ্রামে। নদী বিধ্বস্ত এইসব শিক্ষা প্রতিষ্ঠানের বর্তমান অবস্থা অত্যন্ত করুণ। সব শিক্ষা প্রতিষ্ঠানই নিদারুণ অর্থ সংকটে জর্জরিত। গরিব ছাত্র-ছাত্রীরা স্কুল-কলেজের বেতন দিতে পারিতেছে না। তাহাছাড়া এলাকার কতিপয় লোক ব্যক্তিস্বার্থে শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে বিশৃঙ্খলা সৃষ্টির চেষ্টা করিতেছে। ফলে শিক্ষার পরিবেশ ব্যাহত হইতেছে। এই সকল সমস্যা হইতে শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে উদ্ধার করার জন্য সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষের নিকট আকুল আবেদন জানাইতেছি।

—মোঃ মোস্তফা জামান, সোহরাওয়ার্দী হল, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।